

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
সমবায় অধিদপ্তর  
উপজেলা সমবায় কার্যালয়, রূপসা, খুলনা।  
www.cooperative.rupsha.khulna.gov.bd  
“অডিট নোটিশ”

{সমবায় বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ১০২(২) বিধান মতে}

স্মারক নং- ৪৭.৬১.৪৭৭৫.০০০.৩২.০০৪.২৪.৫৯

০৭ ফাল্গুন ১৪৩১  
তারিখঃ.....  
২০ ফেব্রুয়ারি ২০২৫

বিষয়ঃ ২০২৩-২০২৪ খ্রি. সনের বার্ষিক অডিট কার্য সম্পাদনের ২য় নোটিশ।

জেলা সমবায় অফিসার, খুলনা মহোদয়ের ০৩/০৬/২০২৪ খ্রি. তারিখের ৪৭.৬১.৪৭০০.০০০.৩২.০০১.৮৩.৭৫০ নং স্মারকমূলে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৪৩ (১) ধারার ক্ষমতাবলে খুলনা জেলার মোট্রোপলিটন থানা সমবায় দপ্তরীরাধীন শক্তি সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক বিধিবদ্ধ অডিটকার্য সম্পাদনের লক্ষ্যে নিম্নস্বাক্ষরকারীকে নিরীক্ষা কর্মকর্তা হিসাবে নিয়োগ করতঃ অডিট বরাদ্দ দেওয়া হয়েছে। সে কারণে সমিতির বিধিবদ্ধ অডিট আগামী ১০/০৩/২০২৫ খ্রি. তারিখ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় শুরু করা হবে এবং নিরীক্ষা সম্পাদন না হওয়া পর্যন্ত বিভিন্ন দিন ও সময়ে নিরীক্ষা কার্যক্রম অব্যাহত থাকবে। উল্লেখিত তারিখ ও সময়ে সমিতির কার্যালয়ে উপস্থিত থেকে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ১০২(২) বিধি মতে সমিতির সর্বশেষ নিরীক্ষিত হিসাব হতে ৩০/০৬/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অডিট ম্যানুয়াল অনুযায়ী নিম্নের ছকে উল্লেখিত হিসাব বিবরণীর প্রতিটি ০৩ (তিন) প্রস্থ করে প্রনয়ন করতঃ সমিতির যাবতীয় রেকর্ডপত্র অডিটের নিমিত্তে নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

ক. সর্বশেষ নিরীক্ষিত হিসাব হতে ৩০.০৬.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত  
সমিতির জমা-খরচ/প্রাপ্তি-প্রদান হিসাব বিবরণী;  
খ. নগদ প্রবাহ বিবরণী;  
গ. লাভ-ক্ষতি ও আবন্টন হিসাব;  
ঘ. ৩০.০৬.২০২৪ খ্রি. তারিখের উদ্ধৃৎপত্র;  
ঙ. রেওয়ামিল;

চ. সর্বশেষ নিরীক্ষার পর হতে ৩০.০৬.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত  
সমিতির যাবতীয় ব্যাংক হিসাব বিবরণী (স্থায়ী, চলতি ও সঞ্চয়ী  
হিসাব যদি থাকে);  
ছ. ৩০.০৬.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত শেয়ার মূলধন, সঞ্চয় ও অন্যান্য  
আমানত (যদি থাকে) ও ঋণ পাওনার বিস্তারিত তালিকা;  
জ. সমিতির অন্যান্য হিসাব বিবরণীসহ রশিদ ও ভাউচার সমূহ;  
ঝ. লিকুইড কভার সংক্রান্ত প্রমানপত্র।

সমবায় বিভাগের সেবা সমূহ ডিজিটাল পদ্ধতিতে প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত ছক অনুযায়ী সদস্যদের বিস্তারিত তালিকা কোন প্রকার অজুহাত ছাড়া সংযুক্ত করতে হবে। ইহা সংবিধিবদ্ধ ও জরুরী।

সদস্য নং	সদস্যের নাম বাংলায়	আইডি নং/স্মার্টকার্ড নম্বর	জন্ম তারিখ	সদস্যের নাম ইংরেজীতে	পিতার নাম	মাতার নাম	পেশা	মোবাইল নম্বর	শিক্ষাগত যোগ্যতা	ধর্ম	শেয়ার	সঞ্চয়

জনাব হাসিব  
সভাপতি/সম্পাদক  
শক্তি সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ,  
২৮/১, ৬ নং নিরাদা আবাসিক এলাকা,  
নিরাদা, সোনাজাঙ্গা, খুলনা।



(মোঃ ফরিদ আহমেদ)  
উপজেলা সমবায় অফিসার  
রূপসা, খুলনা  
ও  
অডিট অফিসার  
০১৭১৪৯৩৯১২৭


স্মারক নং- ৪৭.৬১.৪৭৭৫.০০০.৩২.০০৪.২৪.৫৯/১(২)

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। জেলা সমবায় অফিসার, খুলনা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। মোট্রোপলিটন থানা সমবায় অফিসার, সদর, খুলনা।

০৭ ফাল্গুন ১৪৩১  
তারিখঃ.....  
২০ ফেব্রুয়ারি ২০২৫

  
উপজেলা সমবায় অফিসার  
রূপসা, খুলনা।